



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সহকারী পরিচালক (বিদ্যালয়-২)
www.dpe.gov.bd
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬



মজিব MJB
শতবর্ষ 100

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৪০০.৯৯.০২৪.২১.২০

তারিখ: ৩ ভাদ্র ১৪২৮

১৮ আগস্ট ২০২১

বিষয়: সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এডিস মশার বিস্তার ও ডেঙ্গু রোগ প্রতিরোধে করণীয়।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, দেশে এডিস মশার উপদ্রব বৃদ্ধি পাওয়ার ফলে ডেঙ্গু রোগের প্রাদুর্ভাব ঘটেছে। কোভিড-১৯ মহামারীর কারণে সরকারি নির্দেশনা অনুযায়ী আগামী ৩১ আগস্ট, ২০২১ পর্যন্ত দেশের সকল সরকারি প্রাথমিক বিদ্যালয় বন্ধ থাকায় বিদ্যালয়গুলোতে এডিস মশার বংশ বৃদ্ধি পাচ্ছে। উপবৃত্তি ও অনলাইনে পাঠদানসহ বিভিন্ন কার্যক্রম পরিচালনার জন্য প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকদের বিদ্যালয়ে অবস্থান করতে হয়।

এমতাবস্থায়, বিদ্যালয়ে স্বাস্থ্যকর পরিবেশ বজায় রাখার নিমিত্তে এডিস মশার বিস্তার ও ডেঙ্গু রোগ প্রতিরোধে নিম্নলিখিত নির্দেশনাসমূহ প্রতিপালনসহ প্রধান শিক্ষকগণ যাতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করেন তা নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

নির্দেশনাসমূহ:

- শিক্ষা প্রতিষ্ঠান ও এর আশেপাশে যেসব জায়গায় স্বচ্ছ পানি জমার সম্ভাবনা থাকে (যেমন- প্রতিষ্ঠানের ছাদ, নির্মাণাধীন ভবন, ফুলের টব, বাগান, নালা, পানির ট্যাপের আশেপাশের এলাকা, পানির পাম্প, পানির বদনা, হাইকমোড, আইসক্রিম বক্স, প্লাস্টিক বক্স, ডাবের খোসা, নারিকেলের মালা, টায়ার ইত্যাদি) সেসব জায়গা চিহ্নিত করে ০১(এক) দিন পরপর পরিষ্কার করতে হবে।
- অব্যবহৃত পানির পাত্র ঋৎস অথবা উল্টে রাখতে হবে যাতে পানি না জমে।
- হাই-কমোডে হারপিক চেলে ঢাকনা বন্ধ করে রাখতে হবে; লো-কমোডের প্যানে হারপিক চেলে বস্তা বা অন্য কিছু দিয়ে মুখ বন্ধ রাখতে হবে।
- কোন জায়গায় জমা পানি থাকলে লার্ভিসাইড স্প্রে করতে হবে অথবা জমা পানি নিষ্কাশন করতে হবে।
- দিনে বা রাতে ঘুমানোর সময় অবশ্যই মশারি ব্যবহার করতে হবে।
- ডেঙ্গু প্রতিরোধ কার্যক্রমে সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদের সাথে সমন্বিত অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।
- ডেঙ্গু জরে আতঙ্কিত না হয়ে চিকিৎসকের পরামর্শ নিতে হবে।

১৮-৮-২০২১

তাপস কুমার আচার্য
সহকারী পরিচালক

বিতরণ :

- ১) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
- ২) উপজেলা/থানা শিক্ষা অফিসার , (সকল)

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৪০০.৯৯.০২৪.২১.২০/১(১০)

তারিখ: ৩ ভাদ্র ১৪২৮
১৮ আগস্ট ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা, সকল বিভাগ
- ২) ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
- ৩) কম্পিউটার অপারেটর, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর



১৮-৮-২০২১

তাপস কুমার আচার্য
সহকারী পরিচালক



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, প্রাথমিক শিক্ষা, ঢাকা
বিভাগ

সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬


www.dpe.dhakadiv.gov.bd
Em@il : ddddhaka@gmail.com



স্মারক নম্বর: ৩৮.০১.৩০০০.০০০.৯৯.০০৩.২০.৮১৫

তারিখ: ৩ ভাদ্র ১৪২৮
১৮ আগস্ট ২০২১

অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।



১৮-৮-২০২১

মোঃ ইফতেখার হোসেন ভূঁইয়া
উপপরিচালক

ফোন: ০২-৯০০০০৯৭

- ১) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সুপারিনটেনডেন্ট-পিটিআই
(সকল), ঢাকা বিভাগ
- ২) উপজেলা/থানা শিক্ষা অফিসার, ইউআরসি/টিআরসি
ইন্সট্রাক্টর(সকল), ঢাকা বিভাগ।